

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ২০৪

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا دَاؤُدُ _ يَعْنِي ابْنَ أَبِي الْفُرَاتِ _ حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ يَرِهِدَ، حَدَّثَنَا دَاؤُدُ _ يَعْنِي ابْنَ أَبِي الْفُرَاتِ _ حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ بُرِيلِيّ، قَالَ: أَتَيْتُ الْمَدينَةَ، وَقَدْ وَقَعَ بِهَا مَرَضٌ، فَهُمْ يَمُوتُونَ مَوْتًا ذَرِيعًا، فَجَلَسْتُ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَمَرَّتْ بِهِ جَنَازَةٌ فَأُثْنِي عَلَى صَاحِبِهَا خَيْرٌ، فَقَالَ عَمْرُ: وَجَبَتْ. ثُمَّ مُرَّ بِأَخْرَى، فَقَالَ عَمْرُ: وَجَبَتْ. فَقَالَ: وَجَبَتْ. ثُمَّ مُرَّ بِالتَّالِثَةِ، عُمَرُ: وَجَبَتْ. فَقُلْتُ: وَمَا وَجَبَتْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ فَقَالَ عُمَرُ: وَجَبَتْ. فَقُلْتُ: وَمَا وَجَبَتْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ قَالَ: قُلْتُ كَمَا قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " أَيُّمَا مُسْلِمٍ شَهِدَ لَهُ أَرْبَعَةٌ بِخَيْرٍ، قَالَ: قُولَاتُهُ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ ثَلاَتَةٌ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ ثَلاَتَةٌ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ ثَلاَتَةٌ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ ثَلاَتَةٌ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ ثَلاَتُهُ " فَقُلْنَا: أَو اثْنَانِ؟ قَالَ: أَو اثْنَانِ " أَوْ شَلَالُهُ عَنِ الْوَاحِدِ

إسناده صحيح على شرط البخاري، رجاله ثقات رجال الشيخين غير داود بن أبي الفرات، فمن رجال البخاري. عبد الله بن يزيد: هو أبو عبد الرحمن المقرئ وأخرجه النسائي في " الكبرى " (2061) ، وابن حبان (3028) من طريق عبد الله بن يزيد، بهذا الإسناد. وانظر (139)

বাংলা

২০৪ হাদীস নং ১৩৯ দ্রন্টব্য।

১৩৯। আবুল আসওয়াদ বলেন, আমি মদীনায় উপস্থিত হলাম এবং তার সর্বত্র ব্যাপকভাবে সফর করলাম। এর অব্যবহিত পূর্বে মদীনায় একটা রোগ ছড়িয়ে পড়েছিল এবং তার ফলে লোকেরা ব্যাপকভাবে মারা যাচ্ছিল। আমি উমার ইবনুল খাত্তাব (রাঃ) এর নিকট বসলাম। তখন তার কাছ দিয়ে একটা লাশ নিয়ে যাওয়া হলো। উপস্থিত



লোকেরা মৃত ব্যক্তির প্রশংসা করলো। উমার (রাঃ) বললো, অবধারিত হয়ে গেল। এরপর আর একটা লাশ গেল। উপস্থিত লোকেরা তারও প্রশংসা করলো। উমার (রাঃ) বললেন, অবধারিত হয়ে গেল। এরপর তৃতীয় একটা লাশ গেল। উপস্থিত লোকেরা তার নিন্দা করলো। উমার (রাঃ) বললেন, অবধারিত হয়ে গেল।

আবুল আসওয়াদ বললেন, কী অবধারিত হলো, হে আমীরুল মু'মিনীন? উমার (রাঃ) বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লামের অনুকরণেই কথাটা বলেছি। তিনি বলেছেনঃ যে কোন মুসলিমের পক্ষে চার ব্যক্তি উত্তম বলে সাক্ষ্য দিলে আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন। আমরা বললাম, যদি তিনজন সাক্ষ্য দেয়? তিনি বললেন, তিনজন দিলেও। আমরা বললাম, যদি দুইজন সাক্ষ্য দেয়? তিনি বললেন, দুইজন দিলেও। এরপর আমরা তাকে একজনের সাক্ষ্য দেয়া সম্পর্কে জিজ্ঞেস করিনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন